# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

স্মারক নম্বর ০২/বিওসা/প্রাপ্র/৭৭৬(২য়)/২৪৬ তারিখ: ০২/০৯/২০১৯

**বিষয় ঃ সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন "ঠুটিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ" হতে কলেজ শাখা পৃথকীকরণ করে ঠুটিয়া ডিগ্রি কলেজে উন্নীত করণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.২০২ তারিখ ঃ ১৬/০৭/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন "ঠুটিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ" হতে কলেজ শাখা পৃথকীকরণ করে ঠুটিয়া ডিগ্রি কলেজে উন্নীত করণের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন করা হয়। এমতাবস্থায় নির্ধারিত ছক মোতাবেক প্রয়োজনীয় তথ্য আপনার সদয় অবগতি ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

০২.০৯.১৯

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

মাননীয় সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ ঃ**
জনাব রনি চাকমা
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## (ছক - ১)
## পরিদর্শন প্রতিবেদন

প্রতিষ্ঠানের নাম ঃ **ঠুটিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ**

ঠিকানা ঃ ডাকঘর- কৈজুরীহাট, উপজেলা- শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ

পরিদর্শনের তারিখ ঃ ১৭/০৮/২০১৯ ইং। EIIN - ১২৮৩৬৩

**বিষয় ঃ "ঠুটিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ" হতে কলেজ শাখা পৃথকীকরণের জন্য আবেদন।**

| ক্রমিক নং | পূরণীয় শর্ত সমূহ | | কলেজের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত। নিকটতম কলেজটি অন্য উপজেলায় অবস্থিত হলে তার নাম লিখতে হবে। |
|---|---|---|---|---|
| ১। | প্রস্তাবিত কলেজ থেকে নিকট-তম কলেজের দূরত্ব | পৌর ও শিল্প এলাকায় ২ কিঃ মিঃ<br>মফস্বল এলাকায় ৬ কিঃমিঃ | জামিরতা ডিগ্রি কলেজ,<br>জামিরতা, শাহজাদপুর, সিরাজগঞ্জ। | প্রযোজ্য নয়। |
| ২। | উপজেলায় এলাকায় অবস্থিত সকল কলেজের বৃত্তান্ত | ছক-২ অনুযায়ী | ২ নং ছক সংযুক্ত করা হ'ল। | -- |
| ৩। | প্রতিষ্ঠান এলাকায় ন্যূনতম জনসংখ্যা | প্রতি কলেজের জন্য ৭৫ (পঁচাত্তর) হাজার জনসংখ্যা | **২০০১ এর জনসংখ্যা অনুযায়ী সিরাজগঞ্জ জেলায় কলেজের প্রাপ্যতা ঃ-**<br>(১) কলেজের প্রাপ্যতা - ৩৭ টি<br>(২) জেলায় কলেজ আছে - ৯২ টি<br>(৩) একাডেমিক স্বীকৃতি প্রাপ্ত কলেজ - ৭৮ টি<br>(৪)পাঠদানের অনুমতিপ্রাপ্ত কলেজ - ১৪ টি<br>**(৫) জেলায় কলেজের প্রাপ্যতা - নাই** | প্রযোজ্য নয় |
| ৪। | ন্যূনতম শিক্ষার্থীর সংখ্যা | (ক) সাধারণ শিক্ষা সহশিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠানে<br>২৫০ জন (শহর এলাকায়)<br>২০০ জন (মফস্বল এলাকায়)<br>(খ) শুধু বালিকাদের প্রতিষ্ঠানে<br>২০০ জন (শহর এলাকায়)<br>১৫০ জন (মফস্বল এলাকা) | ২০১৮ সালে- ১৯১ জন<br>২০১৯ সালে- ২৩০ জন<br>মোট- ৪২১ জন | টটলিষ্ট অনুযায়ী শর্ত পূরণ হয়েছে। |
| ৫। | প্রস্তাবিত কলেজের বিষয় ভিত্তিক ছাত্র/ছাত্রী সংখ্যা- | ছক ৩ অনুযায়ী | ৩ নং ছক সংযুক্ত করা হ'ল। | -- |
| ৬। | পরীক্ষার্থীর সংখ্যা | কম পক্ষে ঃ<br>(ক) সহ শিক্ষা ঃ<br>১৭৫জন (শহর)১৫০ জন (মফস্বল)<br>(খ) বালিকা ঃ<br>১৫০জন (শহর) ১৫০জন (মফস্বল)<br>বা মোট ছাত্রের ৭৫% (যাহা বেশী) | ২০১৮ সালে - ২৫৩ জন<br>২০১৯ সালে - ২৬১ জন | শর্ত পূরণ হয়েছে। |
| ৭। | পাশকৃত সংখ্যা ও পাশের হার | কম পক্ষে ঃ<br>(ক) সহ শিক্ষা ঃ<br>৮৭ জন (শহর) ৭৫ জন (মফস্বল)<br>(খ) বালিকা ঃ<br>৭৫ জন (শহর) ৫২ জন (মফস্বল)<br>বা মোট পরীক্ষার্থী ৫০% (যাহা বেশী)। | ২০১৭ সালে ৯৯ জন- ৬৫.৫৬%<br>২০১৮ সালে ১২৫ জন- ৬২.৫০%<br>২০১৯ সালে ১৩৭ জন- ৬০.৩৫% | ফলাফল সীট অনুযায়ী শর্ত পূরণ হয়েছে। |
| ৮। | জমির পরিমাণ | ০.৫০ একর (মেট্রো এলাকা)<br>০.৭৫ একর (পৌর এলাকা)<br>১.০০ একর (মফস্বল এলাকা) | বিদ্যালয় ও কলেজের মোট জমির পরিমাণ- ২.২০ একর। | কলেজ শাখার নামে জমির খারিজ প্রক্রিয়াধীন। |
| ৯। | কলেজ ভবন অবকাঠামো | ছাত্র প্রতি ১ বঃ মিঃ ন্যূণতম প্রয়োজন অনুযায়ী পাকা, আধা পাকা টিন সেড ভবন | পাকা- ৬৩৮ বর্গমিটার<br>কাঁচা- ৫২১ বর্গমিটার | শর্ত পূরণ হয়েছে। |
| ১০। | শিক্ষক কর্মচারীর সংখ্যা | অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী যোগ্যতা সম্পন্ন | পুরুষ শিক্ষক- ২৮ জন<br>মহিলা শিক্ষক- ০৪ জন<br>মোট- ৩২ জন | শর্ত পূরণ হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | লাইব্রেরী | ২০০০ বইঃ<br>স্বতন্ত্র লাইব্রেরী থাকিতে হইবে এবং পাঠ্য সহায়ক বই থাকিতে হইবে। | স্বতন্ত্র লাইব্রেরী আছে।<br>বই সংখ্যা- ২৯৫০ খানা। | শর্ত পূরণ হয়েছে। |
| ১২। | সংরক্ষিত তহবিল<br>সাধারণ তহবিল | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা<br>৫০,০০০ (পঞ্চাশ) হাজার টাকা | ১। সংরক্ষিত তহবিল ঃ ২,১০,০০০/-<br>২। সাধারণ তহবিল ঃ ৮৭,৫৭৫/-<br>(ব্যাংক সনদ মূলে)। | শর্ত পূরণ হয়েছে। |
| ১৩। | ব্যক্তি নামে নামকরণ | ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা | প্রযোজ্য নয় | -- |
| ১৪। | পাঠ্যক্রম | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরন করিতে হইবে। | N C T B- এর সিলেবাস অনুযায়ী। | শর্ত পূরণ হয়েছে। |
| ১৫। | সহ পাঠ্যক্রমিক কার্যক্রম | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য সংস্কৃতি, বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউটিং/গালর্স গাইড, পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করিতে হইবে। | সহপাঠ্যক্রম চালু আছে।<br>(অধ্যক্ষের ভাষ্য অনুযায়ী) | শর্ত পূরণ হয়েছে। |
| ১৬। | শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা ব্যবস্থাপনা | ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত প্রবিধি মালা অনুযায়ী অবশ্যই ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে (বেসরকারী কলেজের গভনিংবডি/রেগুলেশন ১৯৭৭ অনুযায়ী) | কলেজ শাখা পৃথকী করণের গভর্ণিং বডির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | শর্ত পূরণ হয়েছে। |
| ১৭। | স্বীকৃতি/রেজিষ্ট্রেশন ফিসঃ | (ক) প্রাথমিক অনুমতিঃ<br>৫,০০০ টাকা (৩ বৎসরের জন্য)<br>(খ) অস্থায়ী ঃ<br>৭,০০০ টাকা (৫বৎসরের জন্য)<br>(গ) স্থায়ী স্বীকৃতি ঃ<br>১০,০০০ টাকা | D.D এর মাধ্যমে বোর্ডে ফি জমা দেয়া হয়েছে। | শর্ত পূরণ হয়েছে। |

মতামত ঃ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.২০২ তারিখ ঃ ১৬/০৭/২০১৯ খ্রিঃ পত্রের নির্দেশনা মোতাবেক সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন "ঠুটিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ" হতে কলেজ শাখা পৃথকীকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন পূর্বক পরিদর্শন মন্তব্য নিম্নে উপস্থাপন করা হ'ল।

গভর্ণিং বডির সদস্যবৃন্দের নিকট কলেজ শাখা পৃথকীকরণের কারণ জানতে চাইলে তারা জানান যে, নিকটবর্তী কোন ডিগ্রী কলেজ না থাকায় শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা গ্রহণে বঞ্চিত হচ্ছে মর্মে প্রতিষ্ঠানটিকে পৃথকীকরণের সিদ্ধান্ত হয়েছে। প্রতিষ্ঠানটি অত্যন্ত প্রত্যন্ত অঞ্চলে (চরাঞ্চল) অবস্থিত। এর চতুর্দিকে বিশাল জনগোষ্ঠির বসবাস। প্রায় ১২ কিঃ মিঃ এর মধ্যে কোন ডিগ্রি কলেজ না থাকায় অসংখ্য গরীব ভ্যান চালক ও দিন মজুরের ছেলে মেয়েরা উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারছে না। এজন্য পরিচালনা পর্ষদ উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠানটি পৃথকীকরণ করে ডিগ্রি কলেজে উন্নতির প্রয়োজন মনে করছে। যাবতীয় তথ্যের আলোকে ও ভৌগলিক অবস্থানের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটি পৃথকীকরণ করে ডিগ্রি কলেজে উন্নীত করণের গুরুত্ব রয়েছে। কলেজ শাখা পৃথকীকরণের জন্য গভর্ণিং বডির সভায় কলেজের নামে প্রয়োজনীয় জমি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জেনারেল ফান্ড ও রিজার্ভ ফান্ডে শর্ত অনুযায়ী অর্থ রয়েছে। ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে ৪২১ জন ছাত্র/ছাত্রী অধ্যয়নরত। এমতাবস্থায় "ঠুটিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ" হতে কলেজ শাখা পৃথকীকরণ সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় নির্দেশনার জন্য প্রেরণ করা হলো।

০২/০৯/১৯

(মোঃ মুঞ্জুর রহমান খান)
উপ-কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,